**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা ভূমি অফিস
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.acl.lama.bandarban.gov.bd

## উপজেলা রাজস্ব সভার অক্টোবর/২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | মো: মোস্তফা জাবেদ কায়সার<br>উপজেলা নির্বাহী অফিসার<br>লামা, বান্দরবান পার্বত্য জেলা |
| সভার তারিখ ও সময়: | ২৪ অক্টোবর ২০২২; সকাল ১১:০০ টা |
| সভার স্থান: | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভায় উপস্থিতি: | পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করা হয়। সভার প্রারম্ভে লামা উপজেলার রাজস্ব সংক্রান্ত বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১। উপজেলা রাজস্ব সভায় উপস্থিতি:<br>রাজস্ব প্রশাসনের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে স্বাস্থ্য বিধি মেনে উপজেলায় আয়োজিত রাজস্ব সভায় মৌজা হেডম্যানগণের নিয়মিত উপস্থিতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>সকল মৌজা হেডম্যানগণকে স্বাস্থ্য বিধি মেনে উপজেলায় আয়োজিত প্রতি মাসের রাজস্ব সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>হেডম্যান (সকল)</td></tr>
<tr><td>২। ভূমি উন্নয়ন কর আদায়:<br>২.১) সাধারণ খাত: ২০২২-২০২৩ অর্থ বছরের সাধারণ খাতে মৌজা হেডম্যান কর্তৃক ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত সাধারণ খাতে ভূমি উন্নয়ন কর আদায়:<br><table><tr><th>দাবী</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr><tr><td>=৬,৩৩,৫১৯/-</td><td>=১,৬১,৩৬২/-</td><td>২৫.৪৭%</td></tr></table></td><td>২.১) ২০২২-২০২৩ অর্থ বছরের সাধারণ খাতের দাবী যথাসময়ে পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সকল হেডম্যানকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>হেডম্যান (সকল)</td></tr>
<tr><td>২.২) সংস্থা খাত: ২০২২-২০২৩ অর্থ বছরের দাবী নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত সাধারণ খাতে ভূমি উন্নয়ন কর আদায়:<br><table><tr><th>দাবী</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr><tr><td>=২,১৩,৩৫৪/-</td><td>=৯৫৫/-</td><td>০.৪৪%</td></tr></table></td><td>২.২) ২০২২-২০২৩ অর্থ বছরের নির্ধারিত দাবী উল্লেখ করে যে সকল সংস্থা প্রধানকে পত্র দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>হেডম্যান (সকল) ও সংশ্লিষ্ট সহকারী</td></tr>
<tr><td>২.৩) ইট ভাটার ভূমি উন্নয়ন কর আদায়: ২০২২-২০২৩ অর্থ বছরের ইট ভাটার দাবী নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত সাধারণ খাতে ভূমি উন্নয়ন কর আদায়:<br><table><tr><th>দাবী</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr><tr><td>=৫,৩৯,৯০১/-</td><td>=১,৩৪,৪১৬/-</td><td>২৪.৮৯%</td></tr></table></td><td>২.৩) ২০২২-২০২২ অর্থ বছরের ইট ভাটার দাবী উল্লেখ করে যে সকল ইট ভাটার মালিককে পত্র দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সহকারী</td></tr>
<tr><td>৩। নামজারী মামলা:<br>নামজারী মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>প্রক্রিয়াধীন নামজারী মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক দ্রুত নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।</td><td>১। কানুনগো/সার্ভেয়ার<br>২। হেডম্যান (সকল)</td></tr>
</table>

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৪। মিস মামলা:**<br>মিস মামলা সমূহের তদন্ত প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মিস মামলা সমূহের তদন্ত প্রতিবেদন কাজ আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। কানুনগো/সার্ভেয়ার<br>২। হেডম্যান (সকল) |
| **৫। বিবিধ:**<br>(৫.১) ভূমিহীন ও গৃহহীনদের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত গৃহ নির্মাণ কার্যক্রম। | (৫.১) সভায় মুজিববর্ষ উপলক্ষে প্রদত্ত গৃহসমূহ সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট মৌজার হেডম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। কানুনগো/সার্ভেয়ার<br>২। হেডম্যান (সকল) |
| (৫.২) কানুনগো/সার্ভেয়ার কর্তৃক সরেজমিন ভূমি/জমি তদন্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (৫.২) উপজেলার বিভিন্ন এলাকায় কানুনগো/ সার্ভেয়ার কর্তৃক জমি/ভূমি সংক্রান্ত যেকোন সরেজমিন তদন্তে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট বিষয়ে সংশ্লিষ্ট মৌজা হেডম্যান ও ইউ.পি চেয়ারম্যান-কে অবহিত করার জন্য কানুনগো/সার্ভেয়ার-কে অনুরোধ করা হয়। | কানুনগো/সার্ভেয়ার |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/১১/২২

মো: মোস্তফা জাবেদ কায়সার
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩০৩৮০২ (অফিস)
E-mail: unolama@mopa.gov.bd

স্মারক নম্বর: ৩১.৪২.০৩৫১.৫০২.০৩.০২৪.২২.৮১২

তারিখ: ২১ কার্তিক ১৪২৯ / ০৬ নভেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
২। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), বান্দরবান পার্বত্য জেলা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৪। জনাব ..............................................................
কানুনগো/সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৫। হেডম্যান (সকল)
.................................................... মৌজা, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৬। সংরক্ষণ নথি।

০৬/১১/২২

মো: মোস্তফা জাবেদ কায়সার
সহকারী কমিশনার (ভূমি) (অ: দা:)
লামা, বান্দরবান পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩০৩৮৪৩
E-mail: acllamabandarban@gmail.com